

একটি মানবিক আবেদন

ফারাহ আহমেদ

মোঃ তানভিরুল ইসলাম। বয়স ২৪। বাংলাদেশের নোয়াখালীর লক্ষীপুর জেলার রামগন্জ থানার ভোলা কোটা গ্রামে তার আদি বাড়ী। তানভির বাংলাদেশের এক মধ্যবিত্ত পরিবারের সন্তান। সে দু'বোন ও দু' ভাইয়ের মধ্যে সবার বড়। তার সাফল্যের উপর পরিবারের সবাই তাকিয়ে আছে। তার বাবা মোঃ মজিবর রহমান বনবিভাগের একজন কর্মকর্তা। ছেলেকে বহু কষ্টে সামর্থ্যের বাহিরে হলেও বিদেশ পাঠিয়ে আশা করেছিল উচ্চ শিক্ষা শেষে তাদের আদরের দুলাল তানভির দেশে ফিরে সংসারের হাল ধরবে। কিন্তু বিধি বাম। তানভির বাংলাদেশ থেকে উচ্চমাধ্যমিক পাশ করে উচ্চ শিক্ষার্থে অস্ট্রেলিয়ার সিডনিতে সেন্ট্রাল কুইন্সল্যান্ড বিশ্ববিদ্যালয়ে একাউন্টিং বিষয়ে লেখা পড়া করতে এসেছিল দু'বছর পূর্বে। তার ফাইনাল কোর্স শেষ করতে আর বাকী ছিল মাত্র ছয় মাস।

গত দুসপ্তাহ পূর্বে হঠাৎ করেই জ্বরে আক্রান্ত হয়ে রেভউইকস্ট্র প্রিন্স অফ ওয়েলস হাসপাতালের জরুরী বিভাগে হাজির হলে তার জীবনের সব কিছু ওলট পালট হয়ে যায়। নানারকম রক্ত পরীক্ষার পর ধরা পরে যে তানভিরের শরীরে বাসা বেঁধেছে ভয়াবহ মরন ব্যাধী। তাৎক্ষনিকভাবে তাকে হাসপাতালে ভর্তি করে নেয়া হয়। পরবর্তীতে চিকিৎসক মন্ডলী জানান যে তার “একিউট মাইলোয়েড লিকুমিয়া” এক কথায় ব্লাড ক্যান্সার হয়েছে। বর্তমানে তানভির সিডনির রেভউইকস্ট্র প্রিন্স অফ ওয়েলস হাসপাতালে চিকিৎসাধীন। প্রথম দফা কেমোথেরাপীতে পর্যাপ্ত সাফল্য অর্জিত না হওয়ায় তানভিরকে এখন দ্বিতীয় দফা উচ্চ মানের কেমোথেরাপী দেওয়া হচ্ছে এবং পরবর্তী পদক্ষেপ হিসেবে তার ‘বোন মেরো ট্রান্সপ্লান্ট’ প্রয়োজন। যার জন্য তার বোন মেরো সেন্সপল দেশে পাঠিয়ে তার ভাই-বোনদের সাথে টিস্যু মিলিয়ে তাদের কাউকে অস্ট্রেলিয়া আনার ব্যবস্থা করার প্রয়োজন। সাথে তার পিতা-মাতারও আসা জরুরী বলে চিকিৎসকরা মতামত ব্যক্ত করেছেন। এ সব জরুরী ভিত্তিতে করা দরকার। এ সব আয়োজনের আর্থিক খরচাদি মেটানোর সামর্থ্য তানভিরের পরিবারের নেই। এমতাবস্থায় মৃত্যু পথযাত্রী এই যুবককে বাচিয়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ কমিউনিটির সকলকে এগিয়ে আসার আবেদন জানাচ্ছি।

মাঝে রমজানের শেষে আসবে ঈদ। এই ঈদে আমরা যখন সবাই আনন্দে হব মাতোয়ারা তখন তানভির পাঞ্জা লড়বে মৃত্যুর সাথে। তানভির বাচতে চাইছে, সহযোগিতা চাইছে কমিউনিটির সকলের কাছে, সকল সংগঠনের নিকট। আমরা কি তার পাশে দাড়াব না? তাকে সহযোগিতা করব না? কতরকম ভাবেই তো তাকে সহযোগিতা করা যায়। কমিউনিটির ধর্ম প্রান মুসলমান ভাইয়েরা জাকাত দেবেন ঈদে। সেই জাকাতের অর্থটাই না হয় তানভিরকে বাঁচানোর জন্য দেয়া হউক। কত সংগঠনের কত ইফতার পার্টি হচ্ছে, তার খরচের একটা অংশ না হয় দেয়া হল তানভিরের সাহায্যে। মানুষের জীবন বাঁচানোর চেয়ে বড় কাজ আর কি হতে পারে? আসুন আমরা সবাই মিলে তানভিরের পাশে দাড়াই।

যে সকল হৃদয়বান ব্যক্তি তানভিরকে সাহায্যের জন্য এগিয়ে আসতে চান যোগাযোগ করুনঃ

**Account Name: Kaiser Ahmed, Account No. [732 035 554656](#) Westpac Bank,
Mascot Central, NSW, Australia**

গামা আব্দুল কাদির (০২) ৯৩১৭ ৫১৩৯ অথবা ০৪০২ ০৫৫ ৪৪৪

কায়সার আহমেদ (০২) ৯৬৬৭ ২৯৭৯ অথবা ০৪০৩ ৪৩৪ ১৬৯

মিজানুর রহমান (মামুন) (০২) ৮৩৩৮ ৯৩৪১ অথবা ০৪২৫ ৩৩২ ৭৬৫